দি সিটিজেন’স চার্টার

(The Citizen's Charter)

পররাষ্ট্র মন্ত্রণালয়

ঢাকা

ফোনঃ ৯৫৫৬০২০-৯,৯৫৫৪১১২-৪,

ফ্যাক্সঃ ৯৫৫৫২৮৩,৯৫৭২২৫৯,৭১৭১২৬৬

ওয়েবসাইট- www.mofa.gov.bd

পররাষ্ট্র নীতি

স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের পররাষ্ট্র নীতি প্রনয়ন ও বাস্তবায়নে পররাষ্ট্র মন্ত্রণালয় মূখ্য ভূমিকা মূখ্য। বিশ্বের বিভিন্ন দেশের সাথে দ্বিপাক্ষিক সম্পর্কোন্নয়নের মাধ্যমে বহিঃর্বিশ্বে বাংলাদেশের ভাবমূতি বিনির্মান ও সংরক্ষনে সরকারী সংস্থাসমূহের মধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় ও এর মিশনসমূহ কেন্দ্রীয় ভূমিকা পালন করে। তাছাড়া, জাতিসংঘসহ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার বিভিন্ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গণে একটি দায়িত্বশীল রাষ্ট্র হিসাবে পররাষ্ট্র মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে এবং প্রবাসী বাংলাদেশীদের উন্নততর সেবাপ্রদানে এই মন্ত্রণালয় এবং এর অধীনে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ সদা সচেষ্ট রয়েছে।

দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক কুটনীতিতে বাংলাদেশের পররাষ্ট্র নীতির ১০ টি প্রধান দিক ঃ

১। প্রতিবেশী দেশসমূহের সাথে ভারসাম্যমূলক ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক;

২। বহুপাক্ষিক কাঠামোসমূহে সহযোগিতা বৃদ্ধি;

৩। বিভিন্ন উন্নত ও উন্নয়নশীল রাষ্ট্রের সাথে অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধি;

৪। বিশ্ববাজারে বাংলাদেশী পণ্যের প্রবেশাধিকার বৃদ্ধির লক্ষ্যে প্রতিবন্ধকতা দূরীকরন ও বিশ্ব বাণিজ্য সংস্থার আলোচনাসমূহে বাংলাদেশের স্বার্থ সংরক্ষন ;

৫। জনশক্তি রপ্তানির লক্ষ্যে শ্রমের বর্তমান বাজার সুসংহতকরন ও নতুন বাজার সন্ধান ;

৬। বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির জন্য প্রচেষ্টা ;

৭। প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ সংরক্ষন প্রচেষ্টা;

৮। জাতিসংঘ ব্যবস্থায় সক্রিয়ভাবে অংশগ্রহণ;

৯। বিশ্বব্যাপী শান্তিরক্ষা ও শান্তিবিনির্মান কার্যক্রমে অংশগ্রহণ; এবং

১০। বিদেশে বাংলাদেশের সংস্কৃতি তুলে ধরার মাধ্যমে দেশের ভাবমূর্তি উন্নয়ন।

ঢাকায় অবস্থিত পররাষ্ট্র মন্ত্রণালয় এবং পৃথিবীর ৪৬ টি দেশে অবস্থিত ৫৮ টি মিশনের মাধ্যমে পররাষ্ট্র বিষয়ক কার্যক্রম পরিচালিত হয়।

বানিজ্য ও বিনিয়োগঃ বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশী পন্যের রপ্তানী ক্রমানুয়ে বৃদ্ধি পাচ্ছে।বাংলাদেশের বানিজ্য সম্প্রসারন ও বাংলাদেশে বৈদেশেক বিনিয়োগ বৃদ্ধিতে পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস সমূহের সঙ্গে সমন্বয় পূর্বক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।বিশ্বের বাজারে বাংলাদেশী পন্যের পরিচিতি বৃদ্ধিকল্পে বিভিন্ন বানিজ্য মেলায় অংশগ্রহন এবং বানিজ্য মেলা আয়োজনে মিশসমূহ সহায়তা প্রদান করে। এছাড়া বাংলাদেশী রপ্তানী কারকদের সাথে বিদেশী আমদানী কারকদের যোগাযোগ স্থাপনে মিশনসমূহ অনুঘটকের ভূমিকা পালন করে দূতাবাসসমূহ বাংলাদেশ বিনিয়োগ বোর্ড, এক্সপোর্ট প্রসেসিং জোন ও রপ্তানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বিভিন্ন সুযোগ সুবিধা ও সম্প্রতিক তথ্যবিদেশী ব্যবসায়ী ও বিনিয়োগ কারীদের মাঝে বিতরন ও তাদেরকে এ ব্যাপারে অবহিত ব্রীফ করে থাকে। যেসব মিশনে বানিজ্যিক শাখা রয়েছে সেখানে বানিজ্যিক শাখা এ দায়িত্বের কেন্দ্র বিন্দু অন্যান্য মিশনের কূটনৈতিক শাখাসমূহ এ দায়িত্ব পালন করে ।

পর্যটন শিল্পঃ পর্যটন শিল্প আজ বাংলাদেশের একটি সম্ভাবনাময় দিক। বাংলাদেশে রয়েছে আন্তর্জাতিক পর্যটকদের আকৃষ্ট করতে সক্ষম পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত ও সুন্দরবনের ম্যানগ্রোভ, প্রত্নতাত্বিক নিদর্শন, উপজাতীয় জীবনধারা, লোক সংগীত, ধর্মীয় ও সাংস্কৃতিক ঐতিহ্য, হস্তশিল্প ইত্যাদি। আন্তর্জাতিক পর্যটকদের আকৃষ্ট করনের লক্ষ্যে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস সমূহ বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক প্রকাশিত ব্রোশিয়ার বিতরন করে তাদের বাংলাদেশ ভ্রমনে আকৃষ্ট করছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কাঠামো



কনস্যুলার ও কল্যাণ মূলক সেবা

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের কনস্যুলার শাখাসমূহের সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশী নাগরিকদের বহুমূখী কনস্যুলার সেবা প্রদান করে থাকে। বিদেশে অবস্থানকালে কোন ব্যক্তি যদি কোন প্রকার কনস্যুলার সেবার প্রয়োজন হয়, তাহলে তিনি নিকটস্থ বাংলাদেশ দূতাবাসের সাথে যোগাযোগ করবেন কিংবা দেশে তার নিকটজন তার পক্ষে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের সাথে যোগাযোগ করে কনস্যুলার সেবা গ্রহণ করতে পারেন ।

কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ নিম্মোক্ত সেবাসমূহ প্রদান করে ঃ

ক) দূতাবাসের মাধ্যমে বিদেশে অবস্হানরত প্রবাসী বাংলাদেশীদের নানাবিধ কল্যাণমূলক কাজের সমন্বয়;
খ) বিদেশে অবস্হানরত বাংলাদেশীদের জরুরী কনস্যুলার সহায়তাসহ অন্যান্য সেবা প্রদান;
গ) বিধি মোতাবেক বিবিধ ডকুমেন্টস-এর সীল ও স্বাক্ষর সমূহের সত্যায়ন।

এতদ্‌সংক্রান্ত সেবা সমূহ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হয়।

পররাষ্ট্র মন্ত্রণালয়ে কনস্যুলার সেবা ও ডকুমেন্টস্ সত্যায়নের সময়সূচী নিম্নে প্রদত্ত হল ঃ

ডকুমেন্টস গ্রহণের সময়	ডকুমেন্টস প্রদানের সময়
সকাল ০৮ঃ৩০ হতে বেলা ১১ঃ০০ টা	একই কর্ম দিবসে বিকেল ০৩ঃ০০ টার পর ।

ডকুমেন্টস সত্যায়ন সংক্রান্ত নিয়মাবলী ঃ

১। বোর্ড/ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সনদ (Board/University Certificate) ঃ
সরকারী/বেসরকারী বোর্ড/শিক্ষাপ্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সনদ স্ব স্ব বোর্ড/প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় কর্তৃক যাচাই (Verification) ও সত্যায়ন (Attestation) পূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের বিশ্ববিদ্যালয় শাখা কর্তৃক সত্যায়ন এবং সরকার কর্তৃক অনুমোদিত নোটারী পাবলিক কর্তৃক সত্যায়ন করে জমা দিলে পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সনদ পত্রের সীল ও স্বাক্ষরসমূহের সত্যায়ন করে।

২। পারিবারিক সনদসমূহ ও বিবাহ সংক্রান্ত অন্যান্য দলিলাদি (Family Certificate & Marital Documents) ইউপি চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত পারিবারিক ডকুমেন্টস সমূহ নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নপূর্বক এবং বিবাহ সংক্রান্ত ডকুমেন্টসমূহ নোটারী পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন সাপেক্ষে পররাষ্ট্র মন্ত্রণালয়ে উক্ত সনদ পত্রের সীল ও স্বাক্ষরসমূহের সত্যায়ন করে।

৩। জন্ম সনদ / মৃত্যু সনদ (Birth /Death Certificate) ঃ
সিটি কর্পোরেশন/সেনেটারী ইন্সপেক্টর (Sanitary Inspector)/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম সনদসহ হাসপাতাল কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণযোগ্য। মৃত্যু সনদ (Death Certificate) সিটি কর্পোরেশন বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং সরকারী ডাক্তার কর্তৃক প্রদত্ত হতে হবে । নোটারী পাবলিক কর্তৃক_সত্যায়ন করে জমা দিলে পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সনদ পত্রের সীল ও স্বাক্ষরসমূহের সত্যায়ন করে।

৪। অবিবাহিত সনদপত্র (Unmarried Certificate) ঃ
সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয় কর্তৃক ইস্যুকৃত অবিবাহিত সনদপত্র নোটারী পাবলিক কর্তৃক সত্যায়ন করে জমা দিলে পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সনদ পত্রের সীল ও স্বাক্ষরসমূহ সত্যায়ন করে।

৫। অভিভাবক সনদপত্র (Guardianship Certificate) ঃ
সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয় কর্তৃক ইস্যুকৃত অভিভাবক সনদপত্র (Guardianship Certificate), পারিবারিক আদালতের রায়ের কপি (প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়িত) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়ন করে জমা দিলে পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সনদ পত্রের সীল ও স্বাক্ষরসমূহ সত্যায়ন করে।

৬। পুলিশ প্রত্যয়ন পত্র (Police Clearance Certificate) ঃ
সংশ্লিষ্ট পুলিশ সুপার পুলিশ প্রত্যয়ন পত্র স্বাক্ষর করে একটি অগ্রগামী পত্রের মাধ্যমে পররাস্ট্র সচিব বরাবরে প্রেরণ করে। পররাস্ট মন্ত্রণালয় উক্ত প্রত্যয়ন পত্রের সীল ও স্বাক্ষর প্রতিস্বাক্ষর করে স্ব-স্ব জেলা পুলিশ সুপার কার্যালয়ে প্রেরণ করে থাকে।

৭। বাণিজ্যিক সনদ পত্র (Commercial documents) ঃ
বীমা ও বাণিজ্যিক সনদপত্র (Insurance বা Commercial documents) স্থানীয় Chamber of Commerce, প্রযোজ্য ক্ষেত্রে রেজিস্ট্রার, Joint Stock Company অথবা সংশ্লিষ্ট Insurance অফিস ও বাণিজ্য মন্ত্রণালয় হতে সত্যায়ন পূর্বক নোটারী সত্যায়ন করে জমা দিলে পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সনদ পত্রের সীল ও স্বাক্ষরসমূহ সত্যায়ন করে।

৮। ব্যাংক বিবরণী/সনদ পত্র (Bank Statement) ঃ
ব্যাংক বিবরণী/সনদ পত্র অর্থ মন্ত্রণালয় ও অনুমোদিত নোটারী পাবলিক কর্তৃক সত্যায়ন পূর্বক জমা দিলে পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত বিবরণী সনদ পত্রের সীল ও স্বাক্ষরসমূহ সত্যায়ন করে।

৯। আম-মোক্তারনামা (Power of Attorney) ঃ

বিদেশ হতে প্রেরিত আমমোক্তারনামা (Power of Attorney) সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দুতাবাস/ মিশন কর্তৃক সত্যায়ন করে দুই সেট ফটোকপিসহ জমা দিতে হবে। **সংশ্লিষ্ট ব্যক্তি অথবা ক্ষমতা প্রাপ্ত (Authorized) ব্যক্তি তাঁর পাসপোর্ট এর ফটোকপিসহ প্রয়োজনীয় ডকুমেন্টস মন্ত্রণালয়ে জমা দিলে উক্ত সনদ পত্রের সীল ও স্বাক্ষরসমূহ পররাষ্ট মন্ত্রণালয়ে সত্যায়ন করে ।**

১০। অনুবাদকৃত সনদ (**Translated documents**) ঃ

যে কোন অনুবাদ সত্যায়নের জন্য মূল সনদপত্র ও অনুবাদ একই অনুমোদিত নোটারী পাবলিক কর্তৃক সত্যায়ন করে জমা দিলে পররাষ্ট্র মন্ত্রণালয় তা সত্যয়ন করে। উল্লেখ্য যে, উভয় সনদপত্রের উপর অনুবাদকারী প্রতিষ্ঠান ও অনুবাদকারী ব্যক্তির সীল ও স্বাক্ষর থাকা আবশ্যক।

ডকুমেন্টস্ সত্যায়নের ক্ষেত্রে সাধারণ বিবেচ্য বিষয়সমূহ ঃ

- যিনি সেবা গ্রহণে ইচ্ছুক তিনি নিজে উপস্থিত থেকে অথবা তাঁর পক্ষে কোন নিকটআত্মীয় তাঁর পরিচয় নিশ্চিত করে ডকুমেন্টস জমা দেবেন। পরিচয় সনাক্তকরনের জন্য পাসপোর্টের প্রথম তিন পৃষ্ঠার ফটোকপি জমা দিতে হবে। পাসপোর্ট না থাকলে পরিচয় পত্রের ফটোকপি অথবা চেয়ারম্যান/সিটি কপোরেশনের কমিশনার হতে ছবিসহ প্রত্যয়ন পত্র বা গ্রহণযোগ্য প্রমানপত্রসহ জমা দিতে হবে ।
- বিদেশে অবস্থানকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির পাসপোর্টের প্রথম তিন পৃষ্ঠা ফটোকপি এবং অনুমতি পত্র (Authorization Letter) দিয়ে ক্ষমতাপ্রাপ্ত (Authorized) ব্যক্তির মাধ্যমে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো ।

নিম্মোক্ত ডকুমেন্টসসমূহ পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করা হয় না ঃ

ক. জীবন বৃত্তান্ত (Bio-data)
খ. ভিসা আবেদন (Visa Application)
গ. সাহায্যের আবেদন
ঘ. ব্যবসা সংক্রান্ত দলিলপত্রাদি ।
ঙ. সরকারী সার্কুলার, গেজেট বা কোন সরকারী আদেশ (তবে ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠান কর্তৃক সত্যায়নসহ লিখিত অনুরোধের প্রেক্ষিতে নোটারী পাবলিক কর্তৃক পুনঃসত্যায়ন করা হলে পররাষ্ট্র মন্ত্রণালয় তা সত্যায়ন করে থাকে) ।

প্রবাসী বাংলাদেশীদের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বিবিধ সেবা সমূহ

ক) মৃত ব্যক্তির লাশ দেশে ফিরিয়ে আনা ঃ

প্রবাসে কোন বাংলাদেশী মৃত্যুবরণ করলে তার লাশ দেশে ফিরিয়ে আনা অথবা নিকটাত্মীয়/বৈধ অভিভাবকের অভিপ্রায় অনুযায়ী প্রবাসে তার লাশ দাফনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জনশক্তি, কর্মসংস্থান এবং প্রশিক্ষণ ব্যুরোর সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ করে। এক্ষেত্রে মৃত ব্যক্তির নিকটাত্মীয়/ বৈধ অভিভাবককে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ বিভাগ বরাবর মৃত ব্যক্তির নিম্নোক্ত তথ্যাবলীসহ একটি আবেদন পত্র দাখিল করতে হয়ঃ-

-বাংলাদেশী নাগরিকত্ব প্রমানের সনদপত্র;
-পাসপোর্ট (প্রথম পাঁচ পাতা)/ ট্রাভেল পারমিট এর ফটোকপি;
-চাকুরী সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি (যেমন- চাকুরীস্থল, চাকুরী দাতার পূর্নাঙ্গ নাম, ঠিকানা, টেলিফোন নম্বর ইত্যাদি এবং আনুষঙ্গিক অন্যান্য তথ্যাদি যদি থাকে)।

উপরোক্ত তথ্যসম্বলিত আবেদন প্রাপ্তির পর পররাষ্ট্র মন্ত্রণালয় সাধারণত তিন কর্মদিবসের মধ্যে আবেদনপত্রটি প্রয়োজনীয় কার্যার্থে বিদেশে অবস্থিত বাংলাদেশের সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণ করে থাকে। উল্লেখ্য যে, লাশ দেশে ফিরিয়ে আনার পর তা হস্তান্তর এবং আনুষঙ্গিক অন্যান্য প্রয়োজনীয় কার্যাদি জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET) (৮৯/২, কাকরাইল, ঢাকা । ফোন ঃ ৯৩৩৯৭০৫/ ০১৮১৯২৬২১৭৩/ ৯৩৪৯৯২৫/৯৩৫০৮৪৮; ফ্যাক্স ঃ ৮৩১৯৯৪৮) সম্পাদন করে থাকে। পক্ষান্তরে বিদেশে মৃত্যুবরণকারী ব্যক্তির কোন নিকটাত্মীয়/শুভানুধ্যায়ী তাঁর সাথে থাকলে তিনি সেই দেশে অবস্হিত বাংলাদেশ দুতাবাসে যোগাযোগ করলে সংশ্লিষ্ট মিশন একই রূপ সহযোগিতা প্রদান করবে।

খ) বিদেশে আটক বাংলাদেশীদের দেশে প্রত্যাবাসন ঃ

* প্রবাসে কোন বাংলাদেশী কোন কারণে আটক হলে বা জেল হলে তার আত্মীয় স্বজন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগে যোগাযোগ করলে পররাষ্ট্র মন্ত্রণালয় স্বল্পতম সময়ে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশের দূতবাসকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করে। তবে এক্ষেত্রে যোগাযোগের সুবিধার্থে আটক ব্যক্তির সঠিক বিস্তারিত বিবরন (নাম,ঠিকানা, পাসপোর্ট নং, আটকের স্হান ও সম্ভাব্য টেলিফোন নং ইত্যাদি) এবং আবেদন কারীর নাম, ঠিকানা ও টেলিফোন নং থাকা প্রয়োজন।

* প্রবাসে অবস্থিত কোন বাংলাদেশীর দেশে প্রত্যাবসন সংক্রান্ত কোন সমস্যা হলে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস অথবা পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক (কনস্যুলার ও কল্যাণ) বরাবর আবেদন করলে সম্ভাব্য স্বল্পতম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

* এছাড়াও প্রবাসী বাংলাদেশীদের অন্য যে কোন সমস্যা জানিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক (কনস্যুলার ও কল্যাণ) বরাবর আবেদন করলে সম্ভাব্য স্বল্পতম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

* বাংলাদেশের যে সমস্ত নাগরিক জনশক্তি ও কর্মসংস্হান ব্যুরোর অনুমতি নিয়ে বিদেশে গমন করেন তাদের মধ্যে কেউ বিদেশে আর্থিক সমস্যার সম্মুখীন হলে পররাষ্ট্র মন্ত্রণালয় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সহায়তায় এবং উক্ত

ব্যক্তির আত্মীয় স্বজন কর্তৃক প্রদত্ত খরচে তাদের দেশে ফেরৎ আনার ব্যবস্থা গ্রহণ করে।

গ) ক্ষতিপূরণ আদায় প্রসংগেঃ

প্রবাসী বাংলাদেশীরা চাকুরীকালীন অবস্থায় মৃত্যুবরণ করলে চাকুরীর শর্তানুযায়ী তাঁদের ক্ষতিপূরণ আদায়ে পররাষ্ট্র মন্ত্রণালয়, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাসের সহযোগতিায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। মৃত ব্যক্তির বৈধ উত্তরাধিকারীগনের আবেদন প্রাপ্তি সাপেক্ষে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো আদায়কৃত ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করে থাকে। তবে আবেদনে নিম্মোক্ত দলিলাদি/তথ্যাদি থাকা প্রয়োজন।

- মৃত ব্যক্তির পাসপোর্ট/পরিচয়পত্র ;
- নিয়োগকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানা;
- মৃত্যুর স্থান, তারিখ এবং মৃত্যুর কারণ;
- আবেদনকারীর পুর্ণ ঠিকানা ;
- বৈধ উত্তরাধিকার সংক্রান্ত সনদ;

এছাড়াও আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ বা পঙ্গুত্ব বরণকারী প্রবাসী বাংলাদেশীদের ক্ষতিপূরণ আদায়ের ক্ষেত্রেও পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় সহায়তা প্রদান করে ।

ঘ) নিম্মোক্ত ডকুমেন্টসমূহ দ্বৈত নাগরিকত্বঃ

প্রবাসী বাংলাদেশী নাগরিক উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব গ্রহণ করলে সেদেশের নাগরিকত্ব প্রাপ্তির জন্য পঠিতব্য শপথ বাক্যে যদি বাংলাদেশর আনুগত্য প্রত্যাহারের শপথ না দিয়ে থাকেন তাহলে তাঁর বাংলাদেশের তার বাংলাদেশের নাগরিকত্ব বহাল থাকবে। সেই সমস্ত প্রবাসী বাংলাদেশীগণ তাদের বাংলাদেশী পাসপোর্ট সংরক্ষন, ব্যবহার ও নবায়ন করতে পারবেন।

ঙ) জরুরী অবস্থায় সহায়তাঃ

প্রবাসী ব্যক্তিগণ সংশ্লিষ্ট দেশে বসবাসরত অবস্থায় হঠাৎ কোন জরুরী বা দুর্যোগপূর্ণ অবস্থার শিকার হলে সেদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস অথবা বাংলাদেশে অবস্থিত প্রবাসী ব্যক্তির আত্মীয়-স্বজনের কাছ থেকে প্রাপ্ত তথ্যের প্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করে (যেমন প্রাকৃতিক বা অন্য কোন দুর্যোগ আক্রান্ত প্রাবসীদের এক স্থান থেকে অন্য নিরাপদ স্থানে সরিয়ে নেয়া)। প্রবাসে হারিয়ে যাওয়া কোন ব্যক্তির সন্ধান লাভের জন্যও পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিস্ট দেশে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে সহায়তা প্রদান করে ।

চ) বিদেশস্থ মিশনসমূহ নিম্মেবর্ণিত কনস্যুলার সেবা প্রদান করে থাকেঃ

- বিদেশস্থ প্রবাসী বাংলাদেশী নাগরিকদের বাংলাদেশী পাসপোর্ট ইস্যু ও নবায়ন করণ;
- বিদেশীদের ভিসা ইস্যু করণ;
- বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকদের No Visa Required Scal প্রদান;
- বিধি মোতাবেক বাংলাদেশী ও বিদেশী দলিলাদি সত্যায়ন করণ;
- দ্বৈত নাগরিকত্বের আবেদন পত্র গ্রহণ;

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অধিশাখার সাথে যোগাযোগের ঠিকানা ঃ

	টেলিফোন(অফিস)	**e-mail**
মহাপরিচালক	৯৫৫১৮৫২	dgcons@mofabd.org
পরিচালক	৯৫৬২৯২৩	dircons@mofabd.org
সহকারী সচিব	৯৫৫৪০৩২	sascons@mofabd.org
সহকারী সচিব	৯৫৬৮১০০	ascons@mofabd.org

বিদেশস্থ বাংলাদেশ মিশনসমুহ

AUSTRALIA : High Commission for Bangladesh 21 Culgoa Circuit, O'Malley, ACT 2606 Canberra Tel : (612) 62900511,62900522,62900533 Fax: 62900544 Mail- bdoot.canberra@cyberone.com.au Web : http:/ www.bangladoot-canberra.org/	THE NETHERLANDS **F** **Embassy of Bangladesh** Wassenaarsewag 39, 2596 CG,n The Hague Tel: 31 70 328 3722; Fax 328 3524 Mail: amb.vanbangladesh@wanadoo.nl Web: www.bangladeshembassy.nl
BAHRAIN Embassy of Bangladesh House No.,674 Road No. 3213 Adliya, Manama, Bahrain Tel: (00973) 17741954 Fax:-17741927 E-mail - bangla@batelco.com.bh Web-www.banglaembassy.com.bh	OMAN : Embassy of Bangladesh Building No - 5903, Street No - 664, **Opposite CCC Qurum,** **Tel: (968)- 24567379 Fax: 24567502** E-mail -bangla@omantel.net.om Web-
BELGIUM : Embassy of Bangladesh 29-31 Rue Jacques Jordaens 1050 Brussels Tel : (322) 6405500, 6405606 & Fax: 6465998 E-mail -bdootbrusels@skynet.be Web www.bangladeshembassy.be	PAKISTAN: High Commission for Bangladesh House No.1, Street No-5, F-6/3, Islamabad Tel -(9251)2279267 Fax - 2279266 E-mail - bdhcish@dsl.net.pk Web-www.bdhcpk.org.
BHUTAN : Embassy of Bangladesh Plot No. H IG G-3, Upper Chubachu Thimphu, Bhutan Tel :(009752) 3 22539, Fax: 322629 E-mail -bdoot@druknet.bt Web - www.bangladeshembassybt.com	PAKISTAN - Deputy High Commission 75/11, Main Khayaban-e-Bahria, phase-V, Defence Housing Authority, Karachi Tel:(92-21)-5340029,5340184 Fax: -5340031 E-mail -bangladesh@cyber.net.pk
BRUNEI : High Commission for Bangladesh	PHILIPPINES: Embassy of Bangladesh

Aarvilla, Simpag 308 , House No - 5, Galan Lambak Kanan Berakas, Bandar Seri Begawan - 3685, Bruni Darussalam Tel: (673) 2394716 Fax: 394715 E-mail - bdoot@brunet.bn. Web--www.hcbangladesh.org.bn	106, Paseo de resas,, Unversal Re Building (2nd floor) , Makati, Metro Manila Tel :(632) 8175001,8175010 Fax: -8164941 E-mail - dbemb.manila@yahoo.com
CANADA : High Commission for Bangladesh 275 Bank Street, Suite- 302 Ottawa, Ontario, K2 P2L6 Tel : (1613) 236--0138 & 236-0139 & Fax:-567-3213 Web- www.bdhc.org E-mail- bangla@rogers.com	QATAR : Embassy of Bangladesh House No.77, Musab bin Omair street, Al Hilal Area , Doha,Qatar Tel : (974) 4671927,4673471 Fax:4671190 Web- Nil E-mail - bdootqat@qatar.net.qa
CHINA : Embassy of Bangladesh 42, Guang Hua Lu, Beijing-100600 Tel: (8610) 65322521, 65323706 Fax: 65324346 E-mail -bdemb@public3.bta.net.cn Web- www.bangladeshembassy.com.cn	RUSSIA: Embassy of Bangladesh Zemiedelski Peroulok-6, Moscow-1 1 9121 Tel: (7495) 246-7804 Fax: 248-3185 E-mail -bdoot.moscow@mail.ru banglatrade@hotmail.com
CHINA - General Consulate Room 3807, Chian Resources Building 26, Harbour Road, Wanchai, Hong Kong Tel: (852)- 28274278-9 & Fax 28271916 E-mail - bangladt@netvigator.com	KSA - RIYADH: Embassy of Bangladesh Sulaimaniya, Al-waroud Quarter North of Aruba Street, Tel:(966-1) 4195300. 4192594, 4196665 Fax: 4193555 Mail- info@bangladeshembassy.org.sa Web- www.bangladeshemvassy.org.sa
EGYPT : Embassy of Bangladesh 20 Gezeret El Arab Street, Mohandesin-12411, Cairo Tel : (202) 33462003, 33462009 Fax-33462008 E-mail - bdoot@link.net Web--	KSA - JEDDAH Consulate General Kilo 3, Makkah Road, (Behind Mitsubishi Car Office) Jeddah, KSA Tel:(966-2) 6894712 ,6878465, 6817140 Fax: 6800392 E-mail-cg@bcgjeddah.com Web-www.bcgjeddah.com
FRANCE : Embassy of Bangladesh 39, Rue Erlanger, 75016 Paris, France Tel: :(331) 46519033, 4651930 Fax 46519035 E-mail -bdootpar@yahoo.com Web- www.banglacmb-paris.org	SINGAPORE : High Commission for Bangladesh . 91 Bencoolen Street#6-1 Sunshine plaza,singapore-189652 Tel: (65) 2550075 Fax 2551824 E-mail -bdoot@singnet.com.sg Web-www.hcbangladesh.org.bn
GERMANY : Embassy of Bangladesh Dove Strasse 1, 10587 Berlin Tel: (4930) 3989750, 39897521 Fax: 39897510, E-mail -info@bangladeshembassy.de &	SOUTH AFRICA: High Commission for Bangladesh 410, Farendern Street, Sunnyside Pretoria 00002 Tel: (2712) 3432105—6 Fax:3435222

commercial@bangladeshembassy.de Web-www.bangladeshembassy.de	E-mail - bdoot@mweb.co.za Web-
INDIA : High Commission for Bangladesh Ep-39,Dr s. Radhakrishnan Marg, Chanakyapuri. New Delhi-110021 Tel: (91-11) 24121389-94 Fax: 26878953 Mail:- highcommissionba@eth.net Web-www.bhcdelhi.org	SPAIN : Embassy of Bangladesh C/ Diego de Lieon - 69, 2nd Floor - D, 28006, Madrid, Spain Tel : (34)914019932, 4017149 Fax : 4029564 Mail - Bangladoot.mad1996@yahoo.es
INDIA - Kolkata Deputy High Commission 9, Bangabandhu Sheikh Mujib Sarani Calcutta-700 017 Tel (91-33) 22905208-9.22900341 Fax 22900941 Email: bdhc@bdhckolkata.org Web-www.bdhckolkata.org	SRI LANKA : High Commission for Bangladesh 65, Ward Place, Colombo 7, Sri Lanka. Tel : (9411) 2695744, 2695748 Fax: -2695556 E-mail - bdootlanka@sltnet.lk
INDIA - Agartala Bangladesh Visa Office Kunjaban near circuit House Agartala Tripura , Tel:(910381) 2324807,2225260 E-mail - Nil Web-Nil	SWEDEN : Embassy of Bangladesh Anderstorpsvigen 12,Solna 17154 Tel : (468) 7305850-52 Fax: 7305870 E-mail - doot@bangladeshembassy.se Web-www.bangladoot.se
INDONESIA : Embassy of Bangladesh Jl,Taman Ubud-1, Number-5 Kuningan Timur, Jakarta Selatan-12950. Tel: (62-21) 5278014,5251143 Fax: 521921271 E-mail -bdembjak@uninet.net.id Web- www.bangladeshembassyjakarta.com	SWITZERLAND Embassy of Bangladesh 65, Rue de Lausanne 1202 Geneva Tel : (41-22) 9068020 Fax: 738-4616 E-mail - ission.bangladesh@ties.itu.int
IRAN : Embassy of Bangladesh Building No.58, Corner of Maryam Alley, Banak Street, Vanak, Tehran, Post Code-1991844959 Tel : (98-21) 8863073 Fax: 88039965 E-mail - banglaemb@parsonline.net Web- Nil	THAILAND : Embassy of Bangladesh House No. 727, Thonglor, Soi-55 Sukhumvit Road, Bangkok, Tel : (662) 02-1851340,021851341 Fax -021851361 E-mail - bdoot @samart.co.th
ITALY : Embassy of Bangladesh Via Antonio Bertoloni-14 , Rome-00197 Tel: :(3906)-8083595, 8078541 Fax 8084853 E-mail - embangrm@m,link.it Web- www.bangladeshembassyitaly.com	TURKEY : Embassy of Bangladesh 78/7-10 Cinnah Caddesi, Cankaya, Ankara Tel:(90312)4392750,4392751 Fax 4422561 E-mail - bdootankara@superonline.com
JAPAN: Embassy of Bangladesh 4-15-15, Meguor Meguro-Ku, Tokyo - 0063	UAE -ABUDHABI : Embassy of Bangladesh Vill No. 32. Khalidya

Tel:(813) 5704-0216-8 Fax: 5704 1696 E-mail - bdootjp@bdembjp.com Web- bdembjp@gol.com	Abu Dhabi, U.A.E Tel : 668375 & Fax: 667324 E-mail - banglaad@emirates.net.ae Web-www.bdembassyuae.org
JORDAN : Embassy of Bangladesh Um Uthaina, Price Zeid Al Hussein St. Villa No. 47 Amman Tel: (9626) 552 9192-3. Fax: 552 9194 mail: embanglWwanadoo.jo Web-Nil	UAE - DUBAI Consulate General Vill No. 24 Abdul Aziz Al Mulla villa. Al Muteena Area, Deira, Dubai U.A.E Tel: (9714)2726966 Fax: 2727965 E-mail - bbcgdubai@emirates.net.ac Web- WWW.bdembassyuae.org
KENYA : High Commission for Bangladesh Ole Odume Raod, P.0 Box. 41645, Nairobi, Kenya Tel: (254-02) 3870467 & 3862816 Fax: -3874133 Mail - bdhc@bdootnairobi.com Web-www.bdootnairobi.com	U K High Commission for Bangladesh 28, Queen's Gate, London SW 7 5JA Tel: 4420)75840081-4Fax: 75817477 E-mail -info@bhclondon.org.uk Web-www.bhclondon.org.uk
KOREA : Embassy of Bangladesh 310-22,Dongbinggo-Dong,Yongsan- gu,Seoul 140817 Tel : (82-2) 796-4056-7 Fax: 790- 5313 E-mail - bdootseoul@kornet.net Web-Nil	UK - Birmingham Assistant high Commission 31-33 Guildhall Building, 12, Navigation Street, , Birmingham, B2 4BT Tel : (44121)6432386 Fax: 6439004 E-mail -bhcbham@aol.com
KUWAIT: Embassy of Bangladesh Plot No - 361, Abi Bin Abi Talele Street Block - 6, Surra Tel: (965) 5316042, 5316043 Fax: 5316041 E-mail - bdoot@kems.net	UK - MANCHESTER Assistant High Commission Cedar House, 2 Fairfield Street, Manchester M13GF UK Tel : (44161)2364853 Fax: 2361522 E-mail - bdoot.man@btconnect.com
LIBYA: Embassy for Bangladesh Hi Damascus (opp. Khedra Hospital) P.0 Box: No. 5086, Tripoli Tel :(218-21) 4911198, 4911199 Fax : 4906616 E-mail - bdripoli@yahoo.com Web-www.bdembassytripoli.com	USA - WASHINGTON Embassy of Bangladesh 3510International Drive, NW, Washington DC 20008 USA Tel : (1202) 2440183 Fax 2442771,2447830 E-mail - bdootwash@bangladoot.org Web-www.bangladoot.org
MALAYSIA : High Com of Bangladesh Block-1,Lorong Damai-7,Jalan Damai,55000 Kuala Lumpur Tel: (603) 21487940,21423271 & 21422505 Fax: -21413381,21457376 E-mail - bddoot@streamyx.com Web-www.bangladesh-	USA - NEW YORK Consulate General. 227 East, 45th street 14th Floor, New York, NY 10017, USA Tel: (212)-876-3434-37 Fax: 972- 4038 E-mail - bangladesh@un.int Web-www.un.int/bangladesh

highcomkl.com	
MALDIVES : High Commission for Bangladesh M,Kuribee Lodge,Izzudheen Magu,Male. Tel : (960) -3315541, Fax : 3315543 E-mail-bdootmal@dhivehinet.net.mv Web-Nil	USA - NEW YORK CONSULATE 211 East, 43rd Street, Suite-502 NY 10017 Tel: (1212)-599 6767, 599 6850, 599 1874 Fax: 682 9211 Mail-contact@bdegny.org Web-www.bdcgny.org
MOROCCO : Embassy of Bangladesh 25, Avenue Tarik Ibn Ziad Rabat, Morocco Tel : (212-37)-766713,766731 Fax: 766729 E-mail - bangladoot@menara.ma Web-www.bangladeshembassy- morocco.org	USA - LOS ANGELES CONSULATE 4201 Wilshire Blvd, Suite 605 LA CA-90010 USA Tel: (323)-9320100, 932 0013 Fax: 932 9703 Mail- bcglal@earthlink.net Web- www.bangladeshcosulatela.com
MYANMAR: Embassy of Bangladesh 11/B,Than Lwin Roak,Yangon. Tel :(95-1)-515275,526144 Fax-515273 E-mail - bdoot ygn@mptmail.net.mm Web-Nil	UZBEKISTAN : Embassy of Bangladesh 33 Vosit Vohidov Street, Yakkasaray District, Tashkent. Tel: (99871) 1522692,1502117- 20 Fax: 1206711 E-mail - bdoottas@rol.uz Web-bangladeshemb.tashkent.uz
MYANMAR - SITTWE Consulate Main Road, 56 South Lanmadaw Quarters Tel : (95043) 23968. Fax-23968 E-mail -Nil Web-Nil	VIETNAM : Embassy of Bangladesh Daeha Office Tower(7th Floor), 36 Kim Ma Street, Hanoi Tel: (84-4) 7716625,7717829 Fax: 7716628 E-mail - bdoothn@netnam.org.vn Web-
NEPAL : Embassy of Bangladesh Maharajganj Ring Road Word No 4 Shanti Ashram, Kitta No 9 Kathmandu Tel : (9771) 4372843,4370438 Fax: 4373265 E-mail -bdootktm@wlink.com.np	**দ্বিতীয় সংস্করন ৭ই জুন ২০০৯**